



খুলনা সরকারি মহিলা কলেজ
ছাত্রী নিবাসসমূহ

ফোন : ০৪১-২৮৫০০৮৩
ফ্যাক্স : ০৪১-৭৬২৭৩৩
ইমেইল : kgcprin.ad@gmail.com
website : www.kgmc.ac.bd

তারিখঃ ১৭/০২/২০২২ খ্রি.

ভর্তি বিজ্ঞপ্তি

খুলনা সরকারি মহিলা কলেজের একাদশ শ্রেণির (শিক্ষাবর্ষ : ২০২১-২০২২) সকল ছাত্রীকে জানানো যাচ্ছে যে, আগামী ১৯/০২/২০২২ খ্রি. তারিখ থেকে ২৮/০২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ছাত্রীনিবাসের সীট বরাদ্দের আবেদন ফর্ম বিতরণ করা হবে। যে সকল ছাত্রী নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ছাত্রীনিবাসে থাকতে ইচ্ছুক তাদেরকে উক্ত সময়ের মধ্যে বেগম খালেদা জিয়া হল থেকে ফর্ম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে একই হলে জমা দেয়ার জন্য বলা হলো। শুধুমাত্র শূন্য আসন সমূহে আসন বরাদ্দ দেয়া হবে।

শর্তসমূহ :

- ১। ছাত্রীনিবাসের নিয়ম-কানুন যথাযথভাবে মেনে চলতে হবে।
- ২। প্রত্যেক অর্থবছরের জুলাই মাসে ছাত্রীনিবাসের সেশন ফি দিয়ে সীট নবায়ন করতে হবে।
- ৩। প্রত্যেক মাসে মাসিক ফি প্রদান করতে হবে। মাসিক ফি-৪০০/- (চারশত) টাকা।
- ৪। অসুস্থ এবং বিবাহিত ছাত্রীকে সীট বরাদ্দ দেয়া হবে না।
- ৫। ভর্তি ফর্মের মূল্য ৫০/- (পঞ্চাশ) টাকা।
- ৬। খুলনা সিটি কর্পোরেশনে অবস্থানরত ছাত্রীকে সীট বরাদ্দ দেয়া হবে না।
- ৭। ভর্তি ফর্মের সাথে এক কপি এস.এস.সির ট্রান্সক্রিপ্ট ও এক কপি ছবি জমা দিতে হবে।
- ৮। সাক্ষাৎকারের সময় ছাত্রীর পিতা অথবা মাতা কে উপস্থিত থাকতে হবে।

সাক্ষাৎকারের তারিখ ও সময় :

তারিখ : ০১/০৩/২০২২ খ্রি.

সময় : সকাল ১০.০০ টা

স্থান : খালেদা জিয়া ছাত্রীনিবাস, খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা।


মনোনীত ছাত্রীদের তালিকা প্রকাশ :


তারিখ : ০২/০৩/২০২২ খ্রি.


ভর্তির তারিখ : মনোনীত ছাত্রীদেরকে আগামী ০৩/০৩/২০২২ খ্রি. থেকে ১০/০৩/২০২২ খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব ছাত্রীনিবাসে ভর্তি হতে হবে। উক্ত সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে তার সীট বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।

ভর্তির সময় নিম্নোক্ত টাকা ও কাগজ পত্র জমা দিতে হবে :

- ১। এস.এস.সি পাশের ট্রান্সক্রিপ্ট ফটোকপি।
- ২। কলেজে ভর্তি রশিদের ফটোকপি।
- ৩। পাসপোর্ট সাইজের ছবিঃ নিজের দুই কপি, পিতা ও মাতার এক কপি করে, স্থানীয় অভিভাবকের এক কপি এবং ছাত্রীর সাথে সাক্ষাৎ করতে ইচ্ছুক এমন যেকোন একজনের ছবি, যা পিতা/মাতা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ৪। ভর্তি ফি সর্বমোট - ৩,০৫০/- (তিন হাজার পঞ্চাশ) টাকা মাত্র।
- ৫। প্রতি মাসের ১০ তারিখের মধ্যে খাবার বিল মেস ম্যানেজারের নিকট জমা দিতে হবে।


(প্রফেসর টি এম জাকির হোসেন)
অধ্যক্ষ
খুলনা সরকারি মহিলা কলেজ
খুলনা


আহবায়ক
ছাত্রীনিবাস কমিটি
খুলনা সরকারি মহিলা কলেজ
খুলনা


তত্ত্বাবধায়ক ১৭.২.২২
ছাত্রী নিবাসসমূহের পক্ষে
খুলনা সরকারি মহিলা কলেজ
খুলনা